কালের কণ্ঠ

তারিখ ... 3 FEB 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

# সবুজবাগে হাই স্কুল কমিটির নির্বাচন দিতে হাইকোর্টের নির্দেশ

**নিজস্ব প্রতিবেদক ▷**

রাজধানীর সবুজবাগে শহীদ জিয়া বাসাবো হাইস্কুল পরিচালনা কমিটির নির্বাচন সম্পন্ন করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি মোহাম্মাদ উল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল বৃহস্পতিবার এ নির্দেশ দেন। একই সঙ্গে অ্যাডহক কমিটি গঠনে কেন নির্দেশনা দেওয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত। শিক্ষাসচিব, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, স্কুল পরিদর্শক, স্কুলটির প্রধান শিক্ষক ও ঢাকার জেলা প্রশাসককে ওই রুলের জবাব দিতে বলা হয়েছে।

এক শিক্ষার্থীর অভিভাবক মো. মন্টু মোল্লার করা রিট আবেদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ দেন আদালত। রিট আবেদনের পক্ষে শুনানি করেন ড. ইউনুছ আলী আকন্দ।

গত বছর ১ জুন হাইকোর্ট এক রায়ে যেসব স্কুলে কমিটি নেই সেসব স্কুলে প্রথমে অ্যাডহক কমিটি এবং পরে নির্বাচন দেওয়ার নির্দেশনা দিয়েছিলেন। এ রায়ের পর শহীদ জিয়া স্কুলে চার মাসের জন্য অ্যাডহক কমিটি গঠন করা হয়। কিন্তু সে কমিটি প্রাথমিক শাখার অভিভাবকদের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত না করেই নির্বাচনের তফসিল ঘোষণা করে। এরই মধ্যে ৯ সেপ্টেম্বর এই কমিটির মেয়াদ শেষ হলেও সদস্যরা এখনো স্বপদে বহাল রয়েছেন। এ কারণে রিট আবেদন করা হয়।